# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 JUNE 2025 7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্যে আগামী ১০ অক্টোবরের মধ্যে পুনরায় ৪০ হাজার যুবক যুবতীর নিযুক্তি সম্পর্কে মূখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্ব শর্মার ঘোষণা ।

২) একাদশ আর্ন্তজাতিক যোগ দিবসের জন্য রাজ্যের বিভিন্ন জেলায় প্রস্তুতি প্রায় সম্পূর্ণ ।

এবং

৩) কালাইন-শিলচর সড়কের ভাঙ্গারপারের হারাং নদীর সেতু ভেঙ্গে পড়ার ঘটনায় পাঁচজন লোক গ্রেপ্তার ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন রাজ্যে আগামী ১০ অক্টোবরের মধ্যে পুনরায় ৪০ হাজার যুবক যূবতিকে নিযুক্তি প্রদান করা হবে । আজ গুয়াহাটীর শ্রীমন্ত শংকরদেব আন্তর্জাতিক প্রেক্ষগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে বেশ কয়েকটি বিভাগে ৪৮১ জন ব্যক্তিকে নিযুক্তিপত্র প্রদান করে মুখ্যমন্ত্রী একথা জানান ।অনুষ্ঠানে পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগে ৪৪৩ জন , পশু চিকিৎসা ক্ষেত্র সহায়ক , পর্যটন বিভাগে ১২ জন পর্যটন উন্নয়ন আধিকারীক , শিক্ষা বিভাগে ২৩ জন জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মুখপাত্র এবং রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদের সহকারী সঞ্চালককে নিযুক্তি প্রদান করা হয়েছে । এই নিযুক্তি প্রক্রিয়া স্বচ্ছ , মেধা ও যোগ্যতার ভিত্তিতে সম্পন্ন করা হয়েছে বলে তিনি ভাষণ প্রসঙ্গে উল্লেখ করেন ।উল্লেখ্য রাজ্যসরকার গতকাল পর্যন্ত বিভিন্ন বিভাগে এক লক্ষ ২০ হাজার ৩৫৯ জনকে নিযুক্তি প্রদান করেছে ।এদিকে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা পাখি পালন ক্ষেত্রে উত্তরণের কথা উল্লেখ করে বাহুবলী ডিমের উৎপাদনের ক্ষেত্রে লাভ করা সাফল্যের প্রশংশা করেন ।রাজ্যে

শূকর পালনের সম্ভাবনার কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী এই ক্ষেত্রে শূকর পালকদের ঐক্যবদ্ধ প্রয়াস রাজ্যের চাহিদা বৃদ্ধিতে সহায়ক হবে বলে আশা প্রকাশ করেন ।রাজ্যে প্রতিদিন ১০ লক্ষ লিটার দুগ্ধ উৎপাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী রণজিৎ কুমার দাস , শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রি কৃষ্ণেন্দু পাল প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য বিজেপির সভাপতি তথা সাংসদ দিলীপ শইকিয়া আজ অটল বিহারী বাজপেয়ী ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্য সমিতির নতুন আধিকারিকদের নাম ঘোষনা করেছেন । তিনি দলের ১০ জন উপ-সভাপতি ,চারজন সাধারণ সম্পাদক ,১০ জন সম্পাদক ,কোষাধ্যক্ষ এবং কার্যালয় সম্পাদক সহ  সোসিয়েল মিডিয়া তত্বাবধায়কের নাম ঘোষনা করেন । মূখ্য মুখপাত্র , মিডিয়া আহ্বায়ক এবং কার্যালয় তত্বাবধায়কের নামও সাংবাদিক সম্মেলনে ঘোষণা করা হয় । আগামী ১০ দিনের মধ্যে দলের আটটি মোর্চার সভাপতিদের নামও ঘোষনা করা হবে বলে শ্রী শইকিয়া জানান । এদিকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় নবনির্বাচিত আধিকারিকদের অভিনন্দন জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার দেশের জনজাতি লোকেদের জীবনে যুগান্তকারী  এবং ইতিবাচক পরিবর্তন সাধনের জন্য নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে । আকাশবাণীর সঙ্গে এক সাক্ষাৎকারে জনজাতি পরিক্রমা দপ্তরের মন্ত্রী জুয়েল ওরাম একথা জানান । তিনি বলেন যে মন্ত্রণালয় বিগত ১১ বছরে জনজাতি লোকেদের কল্যাণের জন্য বিভিন্ন প্রকল্প এবং কার্যসূচী রূপায়ন করেছে । এধরণের একটি উন্নয়নমূলক কার্যসূচী একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়ের বিষয়ে উল্লেখ করে তিনি বলেন যে এই পদক্ষেপ  ছাত্র ছাত্রীদের বিশেষভাবে উপকৃত করেছে ।

---------------------------------------------------------------------------------------

আগামী ২১ শে জুন একাদশ আর্ন্তজাতিক যোগ দিবসের জন্য রাজ্যের বিভিন্ন জেলায় প্রস্তুতি প্রায় সম্পূর্ণ হয়েছে । জেলায় জেলায় যোগ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হচ্ছে । বরাক উপত্যকার তিনজেলায়ও ইতিমধ্যে যোগ দিবসের অংশ হিসেবে যোগ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবছর একাদশ তম আর্ন্তজাতিক যোগ দিবস শিলচর ইন্ডিয়া ক্লাবের ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । এবছর যোগ দিবসের ভাবনা হচ্ছে-

যোগ ফর ওয়ান আর্থ, ওয়ান হেলথ । জেলায় এবছরের যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , সাংসদ পরিমল শুক্লবৈদ্য প্রমূখ উপস্থিত থাকবেন । এবছর যোগ দিবসের অনুষ্ঠান শুরু হবে সকাল সাড়ে পাঁচটায় । এরপর সকাল সাড়ে ৬টায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাষন সরাসরি সম্প্রচার , সকাল ৭টা থেকে ৭টা ৪৫ মিনিট পর্য্যন্ত যোগ প্রদর্শনী অনুষ্ঠিত হবে । এরপর রয়েছে পুরস্কার বিতরনী অনুষ্ঠান ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলার স্বাস্থ্য বিভাগের সহযোগীতায় আগামী ২১শে জুন শ্রীভূমি শহরের বিপিন পাল সভাগৃহে যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । উল্লেখ্য আগে এই অনুষ্ঠান ডি এস এ-র ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল । এদিকে গত ১৫ই জুন জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে চারটি বিভাগে বয়স ভিত্তিক যোগ প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে । আগামী ২১শে জুন সকাল ৭টা থেকে যোগ ব্যায়াম প্রর্দশন করা হবে ।

---

শিলচর - কালাইন সড়কের হারাং সেতু ভেঙ্গে পড়ার ঘটনায় জড়িত সন্দেহে পাঁচজন লোককে গ্রেপ্তার করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে ।এই পাঁচজনের মধ্যে তিনজন কেন্দ্রীয় ওয়েব্রিজের আসাম সরকার অনুমোদিত কর্মী এবং দুজন হরিয়ানার ভারত ইলেক্ট্রনিক্স ওয়েব্রিজের কর্মী । এদিকে এই ঘটনার সঙ্গে জড়িত তিনজন পুলিশ আধিকারীকের ওপর ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।উল্লেখ্য এই সেতুটি সদ্য সংস্কার করার পর মঙ্গলবার মধ্যরাতে দুটি ওভারলোডেড ট্রাক পার হওয়ার সময় সেতুটি ভেঙ্গে পড়ে ।এই ঘটনায় কোন লোক হতাহত হয়নি ।এদিকে আজ রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ , বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ,জেলা আয়ুক্ত মৃদুল যাদব , এন এইচ আই ডি সি এলের আধিকারীক সহ পূর্ত বিভাগের আধিকারিকরা ভেঙ্গে পড়া সেতুটি পরিদর্শন করেন। আগামী ১৫ দিনের মধ্যে এই স্থানে একটি বেইলি সেতু নির্মান করা হবে বলে জেলা আয়ুক্ত শ্রী যাদব জানান ।মন্ত্রী শ্রী রাই জানান বিকল্প রংঘর সড়ক সংস্কারের জন্য ২ কোটি টাকার অনুমোদন জানানো হয়েছে ।তিনি এই ঘটনার উচ্চস্তরের তদন্তের নির্দেশ দেন এবং সংশ্লিষ্ট আধিকারীকদের বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে বলেন । এদিকে নদী পারাপারের জন্য নৌকা পরিষেবা আরম্ভ করা হয়েছে এবং ছোট যানবাহনের জন্য বিকল্প রাস্তা খুলে দেওয়া হয়েছে ।এই বিষয়ে পুলিশ সুপার নোমাল মাহাত্তা জানান ----------বাইট

---

শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে এবং ভারতীয় স্থলবন্দর কর্তৃপক্ষের সহযোগীতায় বিশ্ব সিকেল সেল দিবস উপলক্ষ্যে আজ শ্রীভূমি জেলার সুতারকান্দি ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তে অবস্থিত স্থলবন্দর প্রাঙ্গনে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে যুগ্ম-স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং সিকেল সেল রোগ প্রতিরোধে সচেতনতা ও প্রাথমিক পর্য্যায়ে রোগ নির্ণয়ের গুরুত্ব তুলে ধরেন । আজকের শিবিরে ম্যালেরিয়া প্রতিরোধী মাস উপলক্ষ্যে ম্যালেরিয়া পরীক্ষার ব্যবস্থাও ছিল ।

---

রাজ্যের খাদ্য , গণবন্টন ও গ্রাহক পরিষেবা বিভাগের মন্ত্রী কৌশিক রাই আগামীকাল শ্রীভূমি জেলা সফর করবেন । আগামীকাল সকাল ১১টায় মন্ত্রী শ্রীরাই শ্রীভূমি পৌছে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । বৈঠকের পর তিনি শ্রীভূমি থেকে কাছাড় জেলা বিজেপি কার্য্যলয়ের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

---